

## নেদারল্যান্ডের বিদেশমন্ত্রীর সঙ্গে পররাষ্ট্রমন্ত্রীর সাক্ষাৎ

আজ পররাষ্ট্রমন্ত্রী নেদারল্যান্ডের বিদেশমন্ত্রী মহামান্য জনাব বাট কোন্টার্স-এর সঙ্গে একটি সরকারি বৈঠক করলেন। সাম্প্রতিক বছরগুলিতে দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতির বিষয়ে উভয় নেতাই সম্মত প্রকাশ করেন। এছাড়াও তারা পারস্পরিক স্বার্থজনিত আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয় নিয়ে মত বিনিময় করেন।

ভারত এবং নেদারল্যান্ডের দ্বিপাক্ষিক সম্পর্কের মূল ভিত্তি অর্থনৈতিক সমৰোতা। স্বচ্ছ ভারত, নমানি গঙ্গা এবং মেক ইন ইন্ডিয়ার মতো ভারতের ফ্যাগশিপ উন্নয়ন কর্মসূচিতে ডাচ সংস্থার সক্রিয় অংশগ্রহণের প্রশংসা করেন পররাষ্ট্রমন্ত্রী। জল এবং বর্জ্য নির্বাহ, পুনর্নবিকরণযোগ্য শক্তি, স্মার্ট সিটি, অভ্যন্তরীণ নদীপথ, বন্দর এবং জাহাজ-এর মতো দ্বিপাক্ষিক সহযোগিতা বৃদ্ধির প্রচেষ্টাকে স্বাগত জানান মন্ত্রী। ২০.৫ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের মধ্য দিয়ে নেদারল্যান্ড ভারতে পঞ্চম বৃহত্তম বিনিয়োগকারী দেশ। উভয়মন্ত্রী দ্বিপাক্ষিক বাণিজ্যের ইতিবাচক বৃদ্ধিতে সম্মত প্রকাশ করেন, যার পরিমাণ ২০১৬ সালে ৬.৩ বিলিয়ন মার্কিন ডলার এবং তারা সহমত হয়েছেন এই পরিমানকে আগামী দিনে আরও বৃদ্ধি করার বিষয়ে।

পরমাণু সরবরাহারী বিভাগ-সহ বিভিন্ন বণ্ডজাতিক রফতানিকারক ক্ষেত্রে ভারতকে অগ্রাধিকারের বিষয়ে সমর্থনের জন্য নেদারল্যান্ডকে ধন্যবাদ জানান পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ। রাষ্ট্রসংজ্ঞে ভারতের স্থায়ী সদস্যপদ পাওয়ার ব্যাপারে ডাচ মন্ত্রী সমর্থনের কথা ব্যক্ত করেন। তিনি আন্তর্জাতিক সোলার অ্যালায়েন্স (আইএসএ)-র দ্বারা জলবায়ু পরিবর্তন মোকাবিলায় ভারতের অগ্রগত্য পদক্ষেপের প্রশংসা করেন এবং এই প্রচেষ্টাকে সমর্থন জানান এবং বায়ু শক্তিতে নেদারল্যান্ডের প্রবলতার কথা ব্যক্ত করেন।

উভয় নেতা আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তার ক্ষেত্রে সব থেকে বড় ‘হুমকি’ সন্ত্রাসবাদ নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেন এবং সন্ত্রাসবাদের সকল প্রকার ধরণ ও প্রকাশের বিরুদ্ধে দ্বিপাক্ষিক এবং আন্তর্জাতিকস্তরে লড়াইয়ের জন্য অঙ্গীকার ব্যক্ত করে। রাষ্ট্রসংজ্ঞের আন্তর্জাতিক সন্ত্রাসবিরোধী সম্মেলন (সিসিআইটি)-এ সমঝোতার উদ্যোগ গ্রহণের জন্য নেদারল্যান্ডের সমর্থন চান পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ।

ইউরোপের মধ্যে নেদারল্যান্ডে দ্বিতীয় বৃহত্তম ভারতীয় বংশোদ্ধৃত নাগরিকদের বসবাস। এই প্রেক্ষিতে উভয় মন্ত্রী ভারত-নেদারল্যান্ডের মধ্যে সরাসরি বিমান চলাচলকে আরও মজবুত করার প্রচেষ্টাকে স্বাগত জানান, যা ভবিষ্যতে মানুষে-মানুষে যোগাযোগ এবং বাণিজ্যিক বন্ধনকে আরও দৃঢ় করবে।

‘স্বচ্ছ ভারত অভিযান’ প্রসঙ্গে মন্ত্রী সুষমা স্বরাজ প্রশংসা করেন— এর মধ্যে রয়েছে ‘লোটাস’ (শহরের নিকাশি জলের স্বাস্থ্যকর পুর্ণব্যবহারের জন্য উদ্যোগ)- এর দ্বারা দিল্লির বারাপুর্লাহ ড্রেনের পরিষ্কার এবং ‘দিয়ালি’ (ডাচ-ভারত জল জোট নেতৃত্বের উদ্যোগ) বরোদায় বর্জ্য জল প্রকল্পের মতো চলমান প্রকল্প। দিনের পরবর্তী সময়ে ডাচ বিদেশমন্ত্রী অংশগ্রহণ করেন বারাপুর্লাহ ড্রেন পরিষ্কার করার জন্য এক প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে।

বিদেশমন্ত্রী কোন্ডার্স এছাড়াও তাঁর এই সফরকালে কোচিন এবং বেঙ্গালুরু ভ্রমণ করেন। এ বছর দু'দেশ তাদের কূটনৈতিক সম্পর্কের ৭০ বছর উদ্যাপন করছে। সফরকালে মন্ত্রী কোন্ডার্স ঘোষণা করেন এ বছরের শেষে বেঙ্গালুরুতে নেদারল্যান্ডের কনস্যুলেট জেনারেল খোলা হবে।

### নয়াদিল্লি

মে ০৯, ২০১৭